কালের কণ্ঠ
14 ... 2016 ... পৃষ্ঠা 9 ...

### কালকিনি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়

# শিক্ষার্থীদের রোদে রাস্তায় দাঁড় করিয়ে মেয়রকে সংবর্ধনা

**মাদারীপুর প্রতিনিধি ▷**

মাদারীপুরের কালকিনি উপজেলায় কালকিনি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের রোদের মধ্যে রাস্তায় দেড় ঘণ্টা দাঁড় করিয়ে রেখে পৌর মেয়রকে লালগালিচা সংবর্ধনা দেওয়ার অভিযোগ উঠেছে। গতকাল বুধবার এ সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। এ ঘটনায় অভিভাবকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে।

কালকিনি পৌরসভায় প্রথমবার বিদ্রোহী প্রার্থী হিসেবে এবং দ্বিতীয়বার আওয়ামী লীগের নৌকা প্রতীকে মেয়র নির্বাচিত হন মো. এনায়েত হোসেন। তাঁকে গতকাল দেওয়া সংবর্ধনার আয়োজন করেন কালকিনি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের সভাপতি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান মো. তৌফিকুজ্জামান শাহিন এবং স্কুলের শিক্ষকরা। এ সংবর্ধনার জন্য সকাল ৯টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত স্কুলের সহস্রাধিক শিক্ষার্থীকে রাস্তায় রোদের মধ্যে অন্তত দেড় ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কালকিনি উপজেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপিকা তাহমিনা সিদ্দিকী। বিশেষ অতিথি ছিলেন অ্যাডভোকেট আবুল বাশার, কালকিনি থানার ওসি কৃপা সিন্দু বালা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন অভিভাবক বলেন, কোমলমতি ছাত্রছাত্রীদের রোদের মধ্যে রাস্তায় দাঁড় করিয়ে সংবর্ধনা কিংবা কাউকে স্বাগত জানানো নিষেধ থাকলেও স্কুল কর্তৃপক্ষ পৌর মেয়রকে সংবর্ধনা দিতে এ কাজ করেছে।

অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করে বলেন, 'আমরা ছেলেমেয়েদের স্কুলে পাঠাই পড়ালেখা শেখার জন্য। অথচ তাদের স্কুল বন্ধ থাকা সত্ত্বেও রোদের মধ্যে দাঁড় করিয়ে স্কুল কমিটি ও শিক্ষকরা নিজেদের স্বার্থ রক্ষা করছে।'

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম বলেন, 'আমরা প্রতিনিয়ত বিশেষ ব্যক্তিদের এমন সংবর্ধনা দিয়ে থাকি। আর ছাত্রছাত্রীদের রাস্তায় দাঁড় করানো হয় নাই।'

স্কুলের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান তৌফিকুজ্জামান শাহিনের বক্তব্য জানতে তাঁর মোবাইল ফোনে অনেকবার কল করেও তাঁকে পাওয়া যায়নি।